

করনায় করনীয়

হায়াত মাহমুদ



চীন থেকে শুরু হলো-
কঠিন রোগ ‘করনা’,
ভুগছে মানুষ, মরছে মানুষ
রোগের গ্রুপ মিলেনা।

আল্লাহ তুমি এমন রোগ
কাউকে আর দিও না
মানব জাতির মরণ ব্যাধি
যার নাম ‘করনা’।

এই ব্যাধিতে মরলে মানুষ
মৃত মানুষ, পর হয়
সংক্রামনের ভয়ে মানুষ
কাছের মানুষ, কাছের নয়।

দেশ থেকে দেশ, দেশান্তরে
ভুগছে মানুষ হাড়ে হাড়ে
করনার কথা হলে
ভয়ে বলে বাপরে-মারে।

চীন-ইতালি-স্পেন হয়ে
আমেরিকায় ও হানা
উহানের অসুখটা আজ
শুনছে নাকো মানা।

স্বদি-কাশি-জ্বর হলে
অবহেলা করো নাকো

ডাক্তারদের উপদেশ
কোয়ারেন্টাইনে তোমরা থেকো।

ঘরে থেকো, মাস্ক পড়ো-
বাহির কেউ হয়ো না,
চিকিৎসকের কথাগুলো
হেলা-ফেলা করো না।

করনায় সাহায্য-
শুধুই রাষ্ট্রের কাজ নয়,
সেই দেশের জনগনও-
মানব সেবায় ব্রত হয়।

আল্লাহর কাছে বলো সবাই
মাফ করো, ক্ষমা চাই
তুমি ছাড়া পৃথিবীতে
অন্য কোন উপায় নাই।

মানব জাতি দ’হাত তুলে
করো মোনাজাত
করনা থেকে মুক্ত করো
বাঁচাও মোদের আজ।

